

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date : 17-06-2025

**Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

PM-Cyprus :

সাইপ্রাসের রাষ্ট্রপতি, নিকোস ক্রিস্টোডোলিডেস গতকাল ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে "গ্র্যান্ড ক্রস অফ দ্য অর্ডার অফ ম্যাকারিওস থ্রি" সম্মানে ভূষিত করেছেন। ১৪০ কোটি ভারতীয়দের পক্ষ থেকে এই সম্মান গ্রহণ করে প্রধানমন্ত্রী শ্রী মোদী সাইপ্রাসের রাষ্ট্রপতি, সরকার এবং জনগণের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেন।

Byte-PM

ভারত ও সাইপ্রাসের মধ্যে অংশীদারিত্বকে শক্তিশালী ও বৈচিত্র্যময় করার নতুন প্রতিশ্রুতি হিসাবে প্রধানমন্ত্রী এই সম্মান গ্রহণ করেছেন। তিনি বলেন, এই পুরস্কার শান্তি, নিরাপত্তা, সার্বভৌমত্ব, আঞ্চলিক অখণ্ডতা এবং সমৃদ্ধির প্রতি দুই দেশের অটল প্রতিশ্রুতির প্রতীক।

Census :

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রক গতকাল শোলতম জনগণনার আনুষ্ঠানিক বিজ্ঞপ্তি জারি করেছে। প্রকাশিত বিজ্ঞপ্তি অনুযায়ী অধিকাংশ রাজ্যে ২০২৭ সালের পয়লা মার্চ থেকে জন গণনা শুরু হবে। লাদাখ, জম্মু কাশ্মীর, হিমাচল প্রদেশ এবং উত্তরাখন্ডে ২০২৬ সালের পয়লা অক্টোবর থেকে জনগণনা শুরু হবে বলে জানানো হয়েছে। এবারের জনগণনা দুটি পর্যায়ে অনুষ্ঠিত হবে। প্রথম পর্যায়ে হবে ঘর গণনা এবং দ্বিতীয় পর্যায়ে হবে জনগণনা।

Congress :

রাজ্যের জনজাতিদের বিভিন্ন দাবী নিয়ে মুখ্য সচিবের কাছে চিঠি দিয়েছে ত্রিপুরা প্রদেশ কংগ্রেস আদিবাসী কমিটি। গতকাল আগরতলায় কংগ্রেস ভবনে এক সাংবাদিক সম্মেলনে একথা জানিয়েছেন কংগ্রেস আদিবাসী কমিটির চেয়ারম্যান শব্দকুমার জমাতিয়া।

Awareness Camp :

সাক্রম আরক্ষা প্রশাসনের উদ্যোগে গতকাল দশরথ দেব মেমোরিয়াল রেসিডেন্সিয়াল স্কুল এবং ভূরাতলী দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে বাল্য বিবাহ, সাইবার ক্রাইম ও নেশার বিভিন্ন ক্ষতিকারক দিক নিয়ে এক সচেতনতা সভা অনুষ্ঠিত হয়। সভায় সাবরুমের এসডিপিও নিত্যানন্দ সরকার বাল্য বিবাহ রোধ, সাইবার ক্রাইম সম্পর্কে সচেতনতা ও ড্রাগস এর বিভিন্ন ক্ষতিকারক দিক নিয়ে তথ্যভিত্তিক আলোচনা করেন।

DAJBA-Shantirbazar :

শান্তিরবাজার মহকুমা প্রশাসনের উদ্যোগে বকাফা ব্লকের তুইরুমা বাজারে ধরতি আবা জনভাগিদারি অভিযানের অঙ্গ হিসেবে প্রশাসনিক শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে মহকুমা প্রশাসনের পক্ষ থেকে পি.আর.টি.সি, ইনকাম সার্টিফিকেট এবং এস.টি. সার্টিফিকেট পাওয়ার আবেদনপত্র গ্রহণ করা হয়।

DAJBA-Amarpur :

ধরতি আবা জনভাগিদারি অভিযানে অমরপুর মহকুমার জনজাতি অংশের মানুষের আর্থসামাজিক মান উন্নয়নে ৯টি ভিলেজের ৭টি বিভিন্ন জায়গায় সচেতনতামূলক প্রশাসনিক শিবির করা হবে। শিবিরে জনজাতি অংশের নাগরিকদের বিভিন্ন সার্টিফিকেট প্রদান সহ সরকারি বিভিন্ন সুযোগ সুবিধা প্রদান করা হবে।

Awariness & Administrative Camp :

ধরতী আভা জনভাগিদারি অভিযানের অঙ্গ হিসেবে গতকাল বিলোনিয়া মহকুমার ডিমাতলি গ্রাম পঞ্চায়েতে জনসচেতনতা ও প্রশাসনিক শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে উপস্থিত ছিলেন বিলোনিয়া মহকুমা শাসক দেবাশীষ দাস, রাজনগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান বিশ্বজিৎ নাথ প্রমুখ।

World Environment Day-Tree Plantation :

বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে স্বামী ধনঞ্জয় দাস কাঠিয়া বাবা মিশন কলেজে গতকাল বৃক্ষরোপন কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। কলেজের অধ্যক্ষ ডক্টর সমীর নাগ চারাগাছ রোপন করার পাশাপাশি এর রক্ষণাবেক্ষণের দায়িত্ব সকলকে নেওয়ার আহবান জানান।

Stop Diarrhea Campaign :

জাতীয় স্বাস্থ্য মিশনের উদ্যোগে রাজ্যব্যাপী স্টপ ডাইরিয়া ক্যাম্পেইন গতকাল থেকে শুরু হয়েছে। চলবে ৩১ জুলাই পর্যন্ত। এই কর্মসূচির প্রধান উদ্দেশ্য ডাইরিয়ায় ৫ বছরের কম বয়সী শিশুদের মৃত্যু শূন্যতে নামিয়ে আনা। কর্মসূচির সার্বিক সাফল্যের জন্য গতকাল সচিবালয়ে সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের অধিকর্তা তপন কুমার দাসের পৌরহিত্যে রাজ্যভিত্তিক পরিচালন এবং সমন্বয় কমিটির এক সভা অনুষ্ঠিত হয়।

NIT Agartala Workshop :

এনআইটি আগরতলা ক্যাম্পাসে গতকাল “উদ্ভাবনী অনুসন্ধান: বাস্তব জীবনে বিজ্ঞান ও প্রকৌশল” নিয়ে এক সপ্তাহব্যাপী কর্মশালার শুরু হয়েছে। অষ্টম থেকে দশম শ্রেণীর স্কুল পড়ুয়াদের মধ্যে পাঠ্য বিষয়ের সঙ্গে বাস্তব অভিজ্ঞতার নিরিখে বিজ্ঞান ও প্রযুক্তির প্রতি আগ্রহ সৃষ্টির পাশাপাশি অনুসন্ধিৎসা জাগিয়ে তোলার লক্ষ্যে এই আয়োজন।

Sports :

ভুটানে ১৫তম দক্ষিণ এশিয়ান বডি বিল্ডিং ও ফিজিক স্পোর্টস প্রতিযোগিতায় ভারতীয় দলের হয়ে অংশ নিয়ে ব্রোঞ্জ পদক জয়ী ত্রিপুরার রীতা নাগ গতকাল রাজ্যে ফিরে এসেছেন। আগরতলা বিমানবন্দরে ত্রিপুরা বডি বিল্ডার্স ও ফিটনেস এসোসিয়েশনের সভাপতি তনয় দাস তাকে স্বাগত জানান। পরে রীতা সৌজন্য সাক্ষাৎ করেন ত্রিপুরা গ্রামীণ ব্যাংকের চেয়ারম্যান সতেন্দ্র সিং-এর সাথে। তিনি রীতাকে সংবর্ধনা ও স্মারক তুলে দেন।

Weather :

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। দু এক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। দিনের তাপমাত্রা সর্বোচ্চ ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.৬ সেলসিয়াস।
